

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ২৬ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০০৬.০৩৮.২১ (অংশ-১)-৭৭৭—সড়ক নিরাপত্তা বিষয়ে সমন্বিত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের ৮ম, ১৫তম এবং সর্বশেষ ২৯তম সভার সিদ্ধান্ত অনুসারে দেশের সকল মেট্রোপলিটন এলাকার জন্য নিম্নোক্তভাবে 'মেট্রোপলিটন সড়ক নিরাপত্তা কমিটি' পুনর্গঠন করা হলো:

(১) পুলিশ কমিশনার (সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকা)	সভাপতি
(২) সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের ১ জন প্রতিনিধি	সদস্য
(৩) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সংশ্লিষ্ট বিভাগের ১ জন প্রতিনিধি	সদস্য
(৪) ডিটিসিএ/চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এর ১ জন প্রতিনিধি	সদস্য
(৫) সিটি কর্পোরেশনের ১ জন প্রতিনিধি	সদস্য
(৬) ডিসি (ট্রাফিক), সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকা	সদস্য
(৭) নির্বাহী প্রকৌশলী/উপবিভাগীয় প্রকৌশলী, সওজ অধিদপ্তর (সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকা)	সদস্য
(৮) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(৯) জেলা শিক্ষা অফিসার	সদস্য
(১০) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়	সদস্য
(১১) বিভাগীয়/জেলা তথ্য অফিসার	সদস্য
(১২) চেম্বার অব কমার্স এর ১ জন প্রতিনিধি	সদস্য
(১৩) সভাপতি/সম্পাদক, জেলা প্রেস ক্লাব	সদস্য
(১৪) সংশ্লিষ্ট এলাকার স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং পলিটেকনিক ইন্সটিটিউটের ১ জন করে সর্বাধিক ৪ জন প্রতিনিধি (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত)	সদস্য

(১৬৮৩৩)

মূল্য : ৪.০০

(১৫) সড়ক পরিবহন ব্যবসার সাথে সংশ্লিষ্ট নয় এমন স্থানীয় গণ্যমান্য ২ জন প্রতিনিধি (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত)	সদস্য
(১৬) জেলা সমন্বয়কারী, ব্র্যাক	সদস্য
(১৭) নিরাপদ সড়ক চাই সংস্থার প্রতিনিধি	সদস্য
(১৮) সড়ক পরিবহন মালিক সমিতির টিও লাইসেন্স প্রাপ্ত (১ জন যাত্রীবাহী ও ১ জন পণ্যবাহী) ২ জন প্রতিনিধি (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত)	সদস্য
(১৯) সড়ক পরিবহন শ্রমিক সংগঠনের আইআরও লাইসেন্সপ্রাপ্ত (১ জন যাত্রীবাহী ও ১ জন পণ্যবাহী) ২ জন প্রতিনিধি (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত)	সদস্য
(২০) মহানগরের রোভার স্কাউট এর প্রতিনিধি	সদস্য
(২১) মহানগরের রেড ক্রিসেন্ট এর প্রতিনিধি	সদস্য
(২২) উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং/সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ, সংশ্লিষ্ট বিভাগীয় অফিস	সদস্য-সচিব

কমিটি কার্যপরিধি:

- (১) জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের নির্দেশাবলি বাস্তবায়ন;
- (২) মেট্রোপলিটন এলাকায় সড়ক নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রমের সমন্বয় সাধন;
- (৩) মেট্রোপলিটন এলাকায় ঝুঁকিপূর্ণ সড়ক/এলাকা চিহ্নিতকরণ;
- (৪) সড়ক নিরাপত্তা বিষয়ে সামাজিক সচেতন প্রতিনিধি গ্রুপ গঠনের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (৬) মেট্রোপলিটন এলাকায় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক সড়ক নিরাপত্তা বিষয়ে করণীয় নির্ধারণ, পর্যালোচনা ও বাস্তবায়ন;
- (৭) মেট্রোপলিটন এলাকায় যানবাহন চলাচলের সময়সূচি নির্ধারণ ও বাস্তবায়ন;
- (৮) পরিকল্পিত সড়ক নিরাপত্তা উদ্যোগের বিষয়ে সাধারণ জনগণ, পথচারী, ছাত্র-ছাত্রী, পরিবহন মালিক ও শ্রমিকদের জন্য সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;
- (৯) কমিটি ২ মাসে কমপক্ষে একবার এবং সভাপতির ইচ্ছানুসারে জরুরী বিবেচনায় যে কোনো সময় বৈঠকে মিলিত হবে;
- (১০) কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে সড়ক নিরাপত্তা কাউন্সিল বরাবর নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবে; এবং
- (১১) কমিটি অনধিক ২ (দুই) জন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

০২। এ বিভাগের বিগত ০৯-০৩-২০০৩ তারিখের সপ/বিআরটিএ/৩এম-৮/৯৬-১১৬ সংখ্যক, ২৫-০৯-২০০৫ তারিখের যোগাযোগ/পরি-১/সড়ক নিরাপত্তা-২৪/২০০২ (অংশ-১)-৪৯০ সংখ্যক এবং ২৬-০২-২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৬.০৩৮.২১ (অংশ-১)-১০৪ সংখ্যক প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন
সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd